গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ করা হবে। আবেদনের লিংক: dss.bhata.gov.bd/online-application

<u>প্রচার, আবেদন গ্রহণ, যাচাই-বাছাই সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপ:</u>

ক. বাস্তবায়ন নীতিমালার আলোকে ০১ জুলাই ২০২৬ হতে ৩১ জুলাই ২০২৬ পর্যন্ত প্রচার প্রচারণা করতে হবে এবং ০১ আগষ্ট ২০২৬ হতে ৩১ আগষ্ট ২০২৬ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে;
খ. আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন;
গ. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
ঘ. আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল/ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে;
ঙ. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না;
চ. পূর্বে অনলাইন আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকায় যদি থাকে) পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
ছ. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইন আবেদন (অপেক্ষমান তালিকায় যদি থাকে) এর ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে;
জ. বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
ঝ. বাস্তবায়ন নীতিমালার আলোকে চূড়ান্ত তালিকা অনুমোদন সম্পন্ন করতে হবে;
ঞ. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬খ্রি: তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন।

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
☎ ০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবন/খাগড়াছড়ি।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা প্রশাসক (সকল)........................।
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)........................।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)..............।
১০. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
১১. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)..................।
১২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩. অফিস কপি।

CamScanner